দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৪

# ১৮২ শিক্ষার্থীকে বৃত্তি ও বোর্ড ফির টাকা প্রদান

চুয়াডাঙ্গা প্রতিনিধি

বুধবার ১৮২ জন কৃতী শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা বৃত্তি ও বোর্ড ফিসের টাকা প্রদান করা হয়। সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সায়মা ইউনুস।

জাগরণী চক্র ফাউন্ডেশনের চুয়াডাঙ্গা এরিয়া অফিস প্রধান তরফদার এনামুল হাসান পলাশের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা। চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, সদর উপজেলা নির্বাহী অফিসার কেএম. মামুন-উজ-জামান, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন ও স্থানীয় প্রেসক্লার সভাপতি আজাদ মালিতা। চুয়াডাঙ্গা সদর উপজেলার মোট ১৮২ জন কৃতী শিক্ষার্থীকে এই বৃত্তি ও বোর্ড ফি বাবদ টাকা প্রদান করা হয়।